MAY 1 6 2002

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ৪

# রা... শালীনতা
# ফি... ১৪৪ ধারা

রাঃ বিঃ রিঃ

দুঃসংবাদ। রাজ...

প্রেমিক জুটিদের জন্য ... ধারা জারি করেছে। প্রশাসনের এই পদক্ষেপে সুধী মহলে প্রশংসিত হয়েছে। সচেতন অভিভাবক মহলও স্বস্তির নিঃশ্বাস ফেলছে।

বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও আশপাশের ছাত্রাবাসগুলোতে ছাত্র-ছাত্রীদের মধ্যে শালীনতার অভাব এবং অনৈতিক কার্যকলাপ বৃদ্ধির প্রেক্ষাপটে প্রশাসন এই ব্যবস্থা গ্রহণে বাধ্য হয়েছে। প্রক্টরিয়াল বডি ক্যাম্পাস ও ছাত্রাবাসগুলোতে শালীনতা ও নৈতিকতা ফিরিয়ে আনতে দিনরাত পরিশ্রম করে যাচ্ছেন। ক্যাম্পাসের বিভিন্ন স্থানে সাইন বোর্ড লাগানো হয়েছে– প্রেমিক জুটিকে সে সমস্ত স্থানে না বসার জন্য। বিভিন্ন বিল্ডিং-এর ফাঁক-ফোকর ও নির্জন স্থানে যাতে কেউ আপত্তিকর অবস্থায় বসতে না পারে সে জন্যই এই ব্যবস্থা নেয়া হয়েছে। গত তিন দিনে প্রক্টরিয়াল বডির সদস্যরা বিভিন্ন স্থানে হানা দিয়ে অন্তত ২০টি প্রেমিক জুটিকে ... ধরে বিভিন্ন রকম শাস্তিও প্রদান ...। ঠিকানা নিয়ে তাদের বাবা-মা বা অভিভাবককেও বিষয়টি জানানোর উদ্যোগ নিয়েছে প্রশাসন।

ক্যাম্পাসে অনৈতিক কার্যকলাপ বন্ধে গতকাল প্রক্টরিয়াল বডি এক সভায় মিলিত হয়। সভায় এ সমস্ত বিষয়ে কঠোর সিদ্ধান্ত গ্রহণের ব্যাপারে মতৈক্য হয়। সভাশেষে প্রক্টর প্রফেসর নূরুল আবসারের নেতৃত্বে প্রক্টরিয়াল বডির সদস্যরা পুলিশের সহায়তায় ক্যাম্পাসে পতিতাবৃত্তির সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে কয়েকজন বোবা মহিলাকে আটক করে। গত রবিবার রাতে নগরীর সাধুর মোড়স্থ অর্কিড ছাত্রাবাস থেকে উদ্ধারকৃত ছাত্রী ও আটককৃত ছাত্র হুমায়ুন কবীর হিমুর লিখিত বক্তব্য নেয়া হয়েছে। তাদের বিষয়টি তদন্তের জন্য সহকারী প্রক্টর শামীম আহসান ও মাঈন উদ্দীনকে দায়িত্ব দেয়া হয়েছে বলে জানা গেছে। উল্লেখ্য যে, ছাত্রলীগ ক্যাডার হিমু রাষ্ট্রবিজ্ঞান বিভাগের জনৈক ছাত্রীকে জোরপূর্বক উক্ত ছাত্রবাসে নিয়ে শ্লীলতাহানির চেষ্টা করে।